দৈনিক
ইত্তেফাক

তারিখ 10 OCT 2002
পৃষ্ঠা ১৬ কলাম ৪




*[চট্ট]গ্রাম ঃ মহানগর ছাত্রদলের বিক্ষুব্ধ অংশ গতকাল সংগঠন কার্যালয়ে বিক্ষোভ প্রদর্শন ও [...]ল অবস্থান বজায় রাখে*
*—ইত্তেফাক*

# চট্টগ্রাম মহানগর ছাত্রদলের কমিটি নিয়ে বিক্ষোভ অব্যাহত ॥ অফিস দখল

**চট্টগ্রাম অফিস** ॥ চট্টগ্রাম মহানগর [ছাত্]রদলের নতুন কমিটি নিয়ে সংগঠনের [...]দের মধ্যে ক্ষোভ ও দ্বিধা বিভক্তি আরো [...]ট রূপ ধারণ করেছে। সোমবার এ নিয়ে [...]য় কার্যালয়ে ভাংচুর-হাঙ্গামা হয়। গতকাল [...]লবার সারাদিন এবং রাতে এ রিপোর্ট লেখা [...]ন্ত মহানগর বিএনপি এবং ছাত্রদলসহ অঙ্গ সংগঠনসমূহের কার্যালয় নাসিমন ভবন চত্বরে কড়া পুলিশী প্রহরার মধ্যে ক্ষোভ-বিক্ষোভ চলে। নতুন কমিটি বিরোধী বিক্ষুব্ধ দল নগর কার্যালয় দখলে রেখেছে। তারা নবগঠিত কমিটির আহবায়ক মোশারফ হোসেন দিপ্তী ও সদস্য সচিব ইয়াসিন চৌধুরী লিটনকে

(১৫শ পৃষ্ঠায় ৩-এর কঃ দ্রঃ)

## চট্টগ্রাম মহানগর ছাত্রদলের

(শেষ পৃষ্ঠার পর)

অবাঞ্ছিত ঘোষণা করেছে। বিক্ষোভকালে চট্টগ্রাম মহানগর ছাত্রদল পুনর্গঠন কমিটির আহবায়ক ইলিয়াছ আলী এমপি'র কুশপুত্তলিকাও দাহ করা হয়।

দীর্ঘ ৮ বছর পূর্বে গঠিত চট্টগ্রাম মহানগর ছাত্রদলের" কমিটিকে পুনর্গঠন ও গতিশীল করার লক্ষ্যে ১৯ সেপ্টেম্বর সাবেক ছাত্রদল সাধারণ সম্পাদক ইলিয়াছ আলী এমপি'র নেতৃত্বে ৫ সদস্যের কমিটি চট্টগ্রাম মহানগর কমিটির বিভিন্ন গ্রুপের নেতৃবৃন্দের সাথে পৃথক বৈঠক করেন। বিএনপি'র প্রথম যুগ্ম মহাসচিব কর্তৃক প্রেরিত উক্ত তদন্ত কমিটি বিভিন্ন গ্রুপের সাথে পৃথক বৈঠকের মধ্য দিয়ে গ্রুপ ভিত্তিক রাজনীতির স্বীকৃতি দেয়। নবগঠিত কমিটির বিরোধীদের বক্তব্য হলো, তারেক জিয়া যে নীতির ভিত্তিতে কমিটি গঠনের নির্দেশ দিয়েছিলেন ঘোষিত কমিটিতে তার প্রতিফলন হয়নি। কমিটি গঠনের ক্ষেত্রে কো'ন নীতিমালা অনুসরণ করা হয়নি বরং অছাত্র, ব্যবসায়ী, সন্ত্রাসী ও বিবাহিতদের রাখা হয়েছে। তাছাড়া ৩১ সদস্যের বাইরে আরো ১০ জনের যে তালিকার কথা বলা হচ্ছে তা শুধু আহবায়ক ও সদস্য সচিব তাদের আত্মরক্ষার জন্য বলছে। বাস্তবিকপক্ষে তাদের মূল তালিকায় অন্তর্ভুক্ত করা হয়নি। কমিটি বিরোধীরা বলেছেন যে, নগরীর ১২টি থানার কয়েকটির একজন সদস্যও রাখা হয়নি। এ কমিটি গঠনের মাধ্যমে যারা দীর্ঘ ৫ বছর ধরে আন্দোলন-সংগ্রামে ছিল না এবং সংগঠন বিরোধী কর্মকান্ডে লিপ্ত ছিল তেমনি একজনকে সদস্য সচিব করা হয়েছে। অনেকের মতে, নবগঠিত চট্টগ্রাম নগর ছাত্রদলের কমিটির বিরোধিতায় চট্টগ্রামে বিবদমান বিএনপি'র সকল গ্রুপের কিছু নেতা-কর্মীদের ইন্ধন রয়েছে। কমিটি বিরোধীদের দাবী হচ্ছে ঘোষিত কমিটি বাতিল করে নির্দিষ্ট নীতিমালার আলোকে কমিটি গঠন করা হোক। এদিকে চট্টগ্রাম মহানগরের নবগঠিত কমিটির বিরোধিতাকারীরা আগামীকাল বৃহস্পতিবার সাংবাদিক সম্মেলনের কর্মসূচী ঘোষণা করেছে। তারা আজ বুধবার বিভিন্ন থানা ও কলেজের উদ্যোগে কমিটির বিরুদ্ধে বিক্ষোভ কর্মসূচী পালন করবে বলে সূত্র জানায়।

### চট্টগ্রামের ৩ ছাত্রদল নেতাকে শো'কজ

এদিকে ঢাকা বিশ্ববিদ্যালয় রিপোর্টার জানান, শৃংখলা বিরোধী কর্মকাণ্ডের সাথে জড়িত থাকার অভিযোগে চট্টগ্রামে ছাত্রদলের ৩ নেতাকে শো'কজ করা হয়েছে। গতকাল ছাত্রদলের আহ্বায়ক সাহাবউদ্দিন লাল্টুর সভাপতিত্বে এক জরুরী সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়। শো'কজ প্রাপ্তরা হলেন, চট্টগ্রাম মহানগরীর ছাত্রদলের সাবেক যুগ্ম সম্পাদক শওকত আজম খাজা, আহ্বায়ক কমিটির সদস্য এমএ হামিদ এবং চট্টগ্রাম মহানগর ছাত্রদলের আহ্বায়ক মোশাররফ হোসেন দিপ্তী। শোকজপ্রাপ্তদের আগামী ৭দিনের মধ্যে জবাব দেয়ার জন্য বলা হয়েছে। জরুরী সভায় ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক এবিএম মোশাররফ হোসেন, মনির হোসেন, আজিজুল বারী হেলাল প্রমুখ উপস্থিত ছিলেন।